

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
প্রকল্প বাস্তবায়ন-৩ অধিশাখা।

নথি নং-৪৫.১৭৪.০০২.০৪.০০.০০৪.২০১১-০১

তারিখ : ০২.০১.২০১৪ খ্রিঃ

প্রেরক : হুমায়রা সুলতানা
উপ-সচিব

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয় : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের (কোড নং-২৭১৬) আওতাধীন “এক্সপানশন এন্ড কেয়ালিটি ইমপুভমেন্ট অব নার্সিং এডুকেশন” (কোড নং-৫০১০) কর্মসূচি বাস্তবায়নের নিমিত্ত এডিপিতে চলতি ২০১৩-২০১৪ অর্থ বৎসরের বরাদ্দ অনুযায়ী জিওবি খাত হতে ৩য় কিস্তি বাবদ ২৫০.০০ লক্ষ (দুই কোটি পঞ্চাশ লক্ষ) টাকা অবমুক্তি সংক্রান্ত।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের গত ২৯.০৮.২০১৩ তারিখের ৪৫.১৭৪.০০২.০৪.০০.০০৪.২০১১-৩৩০ সংখ্যক স্মারকের অনুমোদিত বিভাজন এবং স্বাপকম/পক-৪/DPP-II/ভলিউম-২/২০০৯(অংশ)-১৩৫ তারিখ ৩১.১০.২০১৩ এ প্রদত্ত নির্দেশনা অনুসারে আমি এই মর্মে আদিষ্ট হয়ে “এক্সপানশন এন্ড কেয়ালিটি ইমপুভমেন্ট অব নার্সিং এডুকেশন” (কোড নং-৫০১০) শীর্ষক প্রকল্পের অনুকূলে চলতি ২০১৩-২০১৪ অর্থ বছরে এডিপির জিওবি বরাদ্দ হতে নিম্নরূপে ৩য় কিস্তি বাবদ ২৫০.০০ লক্ষ (দুই কোটি পঞ্চাশ লক্ষ) (জেডিসিএফ) টাকা ছাড়করণে সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছি :

(লক্ষ টাকায়)

বাস্তবায়নকারী সংস্থার নাম	প্রকল্পের নাম ও কোড নম্বর	অনুমোদনের পর্যায়	কিস্তির নাম	রাজস্ব খাতের অর্থ	মূলধন খাতের অর্থ	মোট অবমুক্ত অর্থ
১	২	৩	৪	৫	৬	৭
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (কোড নং-২৭১৬)	“এক্সপানশন এন্ড কেয়ালিটি ইমপুভমেন্ট অব নার্সিং এডুকেশন” (কোড নং-৫০১০)	অনুমোদিত	৩য় কিস্তির জিওবি অর্থ	২৫.০০	২২৫.০০	২৫০.০০

তবে শর্ত থাকে যে,

(ক) প্রকল্পের সঠিক মেয়াদকাল আরএডিপি বইয়ে প্রতিফলন করতে হবে।

(খ) এই অর্থ ব্যয়ের ক্ষেত্রে Public Procurement Act-2006 এবং The Public Procurement Rules-2008 অনুসরণ করতে হবে :


(গ) এই ব্যয় চলতি ২০১৩-২০১৪ অর্থ বৎসরের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, (কোড নং-২৭১৬) এর “এক্সপানশন এন্ড কেয়ালিটি ইমপুভমেন্ট অব নার্সিং এডুকেশন” (কোড নং-৫০১০) হতে বহন করা হবে ;

(ঘ) পরবর্তী কিস্তি ছাড়ের প্রস্তাবের সঙ্গে ১ম, ২য় ও ৩য় কিস্তিতে ছাড়কৃত অর্থের বিস্তারিত ব্যয় বিবরণী দাখিল করতে হবে ;

(ঙ) উপরিউক্ত অর্থ শুধু টাকা বরাদ্দের অংক নির্দেশ করে। (গুচ্ছ ও মূল্য সংযোজন কর এবং পুনর্ভরণযোগ্য প্রকল্প সাহায্যের জন্য বরাদ্দ টাকা এই অংকের বহির্ভূত) ;

(চ) এই বরাদ্দের অধীনে ব্যয় অনুমোদিত প্রকল্প ছকে বর্ণিত দফাওয়ারী বরাদ্দ অনুযায়ী করতে হবে এবং মোট ব্যয় অনুমোদিত প্রকল্প ব্যয়ের অতিরিক্ত হবে না।

২। এই আদেশ অর্থ বিভাগের ১৩.১১.২০১২ তারিখের নং-০৭.১১১.০৩১.০১.০০.০৬১.২০১২-৫৪০ স্মারকের অধীনে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়কে যে ক্ষমতাপর্ন করা হয়েছে সেই অনুযায়ী জারী করা হলো।



(হুমায়রা সুলতানা)

উপ-সচিব

ফোনঃ ৯৫৪৯৫৪০

-পরবর্তী পৃষ্ঠা দ্রষ্টব্য-